আজকের কাগজ

তারিখ 06 SEP 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

# শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে সাহায্য সংস্থা প্রশিকা ২ কোটি টাকা অনুদান দিয়েছে

**দীপক মুখার্জী** ঃ দারিদ্র্য বিমোচন কর্মসূচির পাশাপাশি দেশের অনগ্রসর শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উন্নয়ন কাজেও প্রশিকা আর্থিক সহায়তা দান করে আসছে। ইতিমধ্যে গত দু'বছরে প্রশিকা কর্মরত এলাকার ৬৭টি শিক্ষা প্রতিষ্ঠানসহ ৬টি স্থানীয় সামাজিক উন্নয়ন সংগঠনকে দুই কোটি টাকারও বেশি আর্থিক অনুদান প্রদান করেছে। এসব শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে– ৬টি বালিকা বিদ্যালয়সহ ৪৯টি উচ্চ বিদ্যালয়, ৮টি প্রাথমিক বিদ্যালয় ও ১০টি মহাবিদ্যালয়। এর মধ্যে সরকারি ২টি উচ্চ বিদ্যালয়, ১টি মহাবিদ্যালয় ও ৮টি প্রাথমিক বিদ্যালয়ও রয়েছে। এই আর্থিক অনুদান দেয়া হয়েছে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর জমি ক্রয়, ভবন নির্মাণ ও পুনসংস্কার, আসবাবপত্র তৈরি, শিক্ষকদের বেতন-ভাতা প্রদান, নলকূপ স্থাপন, পুকুর খনন, বনায়ন এবং পাঠ্য পুস্তকসহ বিভিন্ন শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য। দীর্ঘদিন উল্লেখিত শিক্ষাপ্রতিষ্ঠানগুলো ছিলো অবহেলিত। সহ-শিক্ষা চালু থাকলেও নানামুখী সমস্যার কারণে বিদ্যালয়গুলোতে লেখাপড়ার পরিবেশ সন্তোষজনক ছিলো না। বিদ্যালয়গুলোর প্রধান সমস্যা ছিলো বিভিন্ন শিক্ষা উপকরণ ও আসবাবপত্রের অভাব, অপরিসর শ্রেণীকক্ষ, জরাজীর্ণ ভবন, মেয়েদের আলাদা কমন রুম ও

শৌচাগারের ব্যবস্থা না থাকা এবং কোনো কোনো শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের বেতন-ভাতা পরিশোধ করতে না পারা ইত্যাদি। এ অবস্থায় ছেলে মেয়েদের লেখাপড়ায় মারাত্মক বিঘ্ন ঘটে।

বিদ্যালয়গুলোতে ছাত্র-ছাত্রীর উপস্থিতিও হ্রাস পায়। এমন অবস্থায় অভিভাবকরা চিন্তিত হয়ে পড়েন। প্রশিকা উন্নয়ন এলাকা থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর এসব দুরবস্থার খবর জানতে পেরে আর্থিক সহায়তা দানে এগিয়ে আসে। স্থানীয় জনসাধারণ প্রশিকার এই সময়োচিত পদক্ষেপের প্রশংসা করেন। উল্লেখ্য, প্রশিকার সহায়তাদানের পর হতে উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার মান ও পরিবেশের অনেক উন্নতি হয়েছে। প্রশিকার কর্মরত এলাকার যেসব শিক্ষা প্রতিষ্ঠানে এই আর্থিক অনুদান দেয়া হয়েছে সেগুলো হচ্ছে, ঢাকা মহানগরে ১টি, ধামরাই এলাকায় ৪টি, সাটুরিয়ায় ৮টি, শিবালয়ে ১টি, সিংগাইরে ১টি, মানিকগঞ্জে ৪টি, হরিরামপুরে ১টি, কালিয়াকৈর ১টি, শ্রীপুরে ১টি, ভৈরবে ২টি, খালিয়াজুড়ি ১টি, হোসেনপুরে ১টি, কুলিয়ারচরে ২টি, বগুড়ার গাবতলীতে ২টি, ডোমারে ১টি, শিবগঞ্জে ১টি, উলিপুরে ১টি, রামগতিতে ২০টি, হাতিয়ায় ১০টি, বাঁশখালী ১টি, উজিরপুরে ১টি ও খুলনার ফুলতলায় রয়েছে ১টি শিক্ষা প্রতিষ্ঠান। এ ছাড়া ঢাকা, সাটুরিয়া, শিবালয় ও ধামরাই এলাকার ৬টি সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে নিয়োজিত প্রতিষ্ঠানকেও আর্থিক অনুদান প্রদান করা হয়।